**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 17-09-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দেশব্যাপী 'সুস্থ্ নারী, সশক্ত পরিবার' অভিযানের সূচনা করেছেন।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডাঃ) মানিক সাহা আজ জিবি হাসপাতাল প্রাঙ্গণে রাজ্যভিত্তিক "সুস্থ্ নারী, সশক্ত পরিবার" অভিযানের সূচনা করেন।**

**(৩) আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষে পক্ষকালব্যাপী 'স্বচ্ছতা হি সেবা' কর্মসূচির আওতায় স্বচ্ছ** উৎসবের **সূচনা করেছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডাঃ) মানিক সাহা |**

**(৪) নয়াদিল্লীতে সুব্রত মুখার্জি কাপ অনূর্ধ্ব ১৭ বছরের বালক বিভাগের ফুটবলের দ্বিতীয় খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল জয়লাভ করেছে।**

*******************************************************

## PM-SWASTH nari sashakt Parivar:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মধ্যপ্রদেশের ধার জেলা থেকে দেশব্যাপী সুস্থ্ নারী, সশক্ত পরিবার অভিযান এবং ৮ম রাষ্ট্রীয় পোষণ মাস শিবিরের উদ্বোধন করেছেন। প্রধানমন্ত্রী ওই জেলার ভৈনসলা গ্রামে দেশের বৃহত্তম প্রধানমন্ত্রী মিত্র পার্কের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। তিনি মাতৃবন্দনা যোজনার আওতায় ১৫ লক্ষেরও বেশি মহিলাকে আর্থিক সহায়তাও হস্তান্তর করেছেন। তিনি রাজ্যের আদিবাসী অঞ্চলের জন্য এক কর্মসূচি, আদি সেবা পর্বেরও উদ্বোধন করেছেন। তিনি সুস্থ্ নারী, সশক্ত পরিবার অভিযানের আওতায় আয়োজিত স্বাস্থ্য শিবিরে

মহিলাদের পরীক্ষা করানোর আহ্বান জানিয়েছেন। আগামীতে গড়ে উঠতে যাওয়া প্রধানমন্ত্রী মিত্র পার্কের জন্য ধার জেলার জনগণকে অভিনন্দন জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, এটি কৃষক এবং যুব অংশের জন্য সুবর্ণ সুযোগ নিয়ে আসবে। প্রধানমন্ত্রী বলেন, আসন্ন উৎসবগুলিতে কেনা সব পণ্য ভারতে তৈরি হওয়া উচিত। তিনি ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানিয়েছেন, তারা যা কিছু বিক্রি করেন তা যেন ভারতে তৈরী হয়।

****************************

## 'SNSPA' state level programme CM:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলা সরকারী মেডিকেল কলেজ ও জিবি হাসপাতাল প্রাঙ্গনে 'সুস্থ নারী, সশক্ত পরিবার' অভিযানের রাজ্যভিত্তিক অনুষ্ঠানের সূচনা করেন ।তিনি রাজ্যবাসীর উদ্দেশ্যে বিশেষ করে মায়েদের প্রতি নিজেদের স্বাস্থ্য সম্পর্কে সচেতন হবার আহ্বান জানান। তার জন্য বিনামূল্যে স্বাস্থ্যপরিসেবার সুযোগ গ্রহণের আহ্বান জানান তিনি। তিনি বলেন দেশ জুড়ে মহিলা, কিশোরী ও শিশুদের স্বাস্থ্য সেবা ও পুষ্টি পরিষেবা জোরদার করার ক্ষেত্রে এই ধরনের কার্যক্রম একটি ঐতিহাসিক পদক্ষেপ। ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ার লক্ষ্যে স্বাস্থ্য, পুষ্টি ও সুস্থতা গড়ে তোলার জন্য এই অভিযানে বিশেষ স্বাস্থ্য শিবিরে আয়োজন করা হবে। মুখ্যমন্ত্রী বলেন মা একটি পরিবারের মূল ভূমিকা গ্রহণ করেন। তিনি সুস্থ থাকলে পরিবার সুস্থ থাকবে, সুস্থ থাকবে রাজ্য ও গ্রাম। তিনি বলেন আগামী দোসরা অক্টোবর পর্যন্ত এই অভিযান চলবে গোটা রাজ্যে, প্রতিটি হাসপাতাল সহ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে। মুখ্যমন্ত্রী বলেন এই ধরনের শিবির করার মূল লক্ষ্যই হচ্ছে মায়েদের নিজেদের স্বাস্থ্য সম্পর্কে সচেতন করা, বিশেষ করে রক্তাল্পতা, মুখ, স্তন ও জরায়ু ক্যান্সার এই ধরনের রোগগুলি সম্পর্কে জানা এবং সঠিক সময়ে চিকিৎসা করা। তাতে করে দ্রুত সুস্থ হয়ে ওঠা সম্ভব। মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে মাতা ত্রিপুরা সুন্দরীর কাছে তাঁর দীর্ঘায়ু কামনা করেন।

আজকের এই অনুষ্ঠানে ১৪ টি স্বাস্থ্য পরিষেবা স্টল ঘুরে দেখেন মুখ্যমন্ত্রী। সঙ্গে ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, মুখ্য সচিব জে কে সিনহা, মুখ্যমন্ত্রীর সচিব প্রদীপ চক্রবর্তী, জাতীয় স্বাস্থ্য মিশন অধিকর্তা সাজু ওয়াহিদ এ স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডক্টর তপন মজুমদার সহ অন্যান্যরা। উল্লেখ্য আজ থেকে দোসরা অক্টোবর পর্যন্ত রাজ্যে ১৫৮ টি স্বাস্থ্যশিবির, ৭২৩১ টি সচেতনতা শিবির এবং ৪0টি রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে। এদিকে রাজ্যের সমস্ত জেলাতেই সুস্থ নারী সশক্ত পরিবারের অভিযানের আওতায় কর্মসূচি আয়োজিত হয়|

****************************

**'Swasth Naari Sashakt Parivar Abhiyan', Mohonpur**:

'সুস্থ নারী সশক্ত পরিবার অভিযান' উপলক্ষে মোহনপুর কমিউনিটি হেলথ সেন্টারে আয়োজিত স্বাস্থ্য শিবিরে বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ, রাজ্যসভার সাংসদ রাজীব ভট্টাচার্য উপস্থিত ছিলেন। মন্ত্রী শ্রী নাথ আজ টিবি-আক্রান্ত এবং হাসপাতালে চিকিৎসাধীন রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করেন।

****************************

**'Swasth Naari Sashakt Parivar Abhiyan', Unakoti district:**

রাজ্যের যুব বিষয়ক ও ক্রীড়া  দপ্তরের মন্ত্রী টিংকু রায় আজ দুপুরে ঊনকোটি জেলা সদর কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্র প্রাঙ্গনে আয়োজিত "সুস্থ নারী, সশক্ত পরিবার অভিযান" কর্মসূচিতে অংশ নেন।

****************************

**'Swasth Nari, Sahakt Parivar' Sepahijala district:**

সিপাহীজলা জেলা ভিত্তিক →সুস্থ নারী সশক্ত পরিবার অভিযানের' আজ আনুষ্ঠানিক সূচনা হয় নলছড়ের লক্ষ্মণঢেপা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে। অনুষ্ঠানে উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মন সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন|

****************************

**South District Level 'Swasth Naari, Sashakt parivar Abhiyan'**

সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া আজ বড়পাথরী বাজারের নাট মন্দিরে দক্ষিণ জেলা ভিত্তিক 'সুস্থ্ নারী, সশক্ত পরিবার অভিযানে'র সূচনা পর্বে উপস্থিত ছিলেন।

****************************

**'Swasth Naari Sashakt ParivarAbhiyan', Khowai district.**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা আজখোয়াই জেলা হাসপাতালের সভাকক্ষে জেলা ভিত্তিক 'সুস্থ্ নারী সশক্ত পরিবার অভিযান কর্মসূচি'র উদ্বোধন করেন।

****************************

**Swasth Naari, Sashakt Parivar, North district:**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা আজ ধর্মনগরের বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে 'সুস্থ্ নারী, সশক্ত পরিবার" অভিযানের উত্তর জেলার অনুষ্ঠানের সূচনা করেন।

****************************

**PM'S BIRTHDAY GREETINGS:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ৭৫তম জন্মদিন উপলক্ষে গোটা বিশ্বের শীর্ষ নেতৃত্ব একযোগে শুভেচ্ছা জানিয়েছেন। গতকালই মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প ব্যক্তিগত ফোনকলে শুভেচ্ছা জানান। এদিকে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি আলবানিজও প্রধানমন্ত্রী মোদীকে "বন্ধু" বলে অভিহিত করে তার শুভেচ্ছা জানিয়েছেন। নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লুক্সন এক্স হ্যান্ডলে একটি

ভিডিও বার্তার মাধ্যমে শুভেচ্ছা জানিয়েছেন। ভুটানের প্রধানমন্ত্রী শেরিং টোবগে, ভারতে নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত ডেনিস আলিপভ, তিব্বতের আধ্যাত্মিক নেতা দালাই লামা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে বিপুল শুভেচ্ছা জানিয়েছেন। উল্লেখ্য, নরেন্দ্র মোদি ১৭ সেপ্টেম্বর, ১৯৫০ সালে গুজরাটের ভাদনগরে জন্মগ্রহণ করেন। তাঁর জন্মদিনে সারা দেশে স্বাস্থ্য, কল্যাণ এবং উন্নয়নমূলক কর্মসূচি পালিত হচ্ছে, পাশাপাশি সারাদেশ থেকে বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃত্ব প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা এবং অভিনন্দন জানিয়েছেন।

****************************

**C.M launched 'Swachhta Hi Seva' Programme:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে পক্ষ কালব্যাপী "স্বচ্ছতা হি সেবা" কর্মসূচী অনুযায়ী স্বচ্ছ উৎসবের সূচনা করেন। এই কর্মসূচী চলবে আগামী ২ রা অক্টোবর জাতির জনক মহাত্মা গান্ধীর জন্মদিন পর্যন্ত। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ২০১৪ সালের পর দেশে স্বচ্ছতা সম্বন্ধে সচেতনতা তৈরি হয়। এই সচেতনতাকে আরও এগিয়ে নিয়ে যেতে মুখ্যমন্ত্রী, নিয়মানুবর্তিতা ও পরিষ্কার পরিচ্ছন্নতার অভ্যাস তৈরির উপর গুরুত্ব দেন। প্রধানমন্ত্রীর ৭৫ তম জন্মদিন উপলক্ষে তাঁর দীর্ঘায়ু ও সুস্থ জীবন কামনা করেন তিনি স্বচ্ছতার দিক দিয়ে ত্রিপুরা সারা দেশে এক বিশেষ স্থান দখল করে রয়েছে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের ৭৬৫ টি গ্রাম খোলা জায়গায় শৌচ মুক্ত হিসাবে পরিগণিত হয়েছে। সুস্থ সবল ও নির্মল ত্রিপুরা গড়তে মুখ্যমন্ত্রী স্বচ্ছতা কর্মসূচীতে সাফাই কর্মীদের পাশাপাশি সকল নাগরিককে এগিয়ে আসর আহ্বান জানান। সাফাই কর্মীরা একাজে গুরুত্বপূর্ণ পূর্ণ কাজ করছে বলে তিনি তাদের সকলকে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী কয়েকজন শ্রেষ্ঠ সাফাই কর্মীকে সংবর্ধনা জানান। অনুষ্ঠানে উপস্থিত সবাই স্বচ্ছতার জন্য শপথ গ্রহন করেন।

****************************

**SPECIAL SERIES - SEVA PARV**

**episode -Environment and Biodiversity**:

সেবা ও সুশাসন, অর্থাৎ জনসেবা ও সুশাসনের মন্ত্রে পরিচালিত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকার রূপান্তরণ ও অগ্রগতির আনার জন্য অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ, এই বিশেষ ধারাবাহিক - "সেবা পর্ব"-তে, আমরা আপনাদের সামনে তুলে ধরছি, মোদী সরকার কীভাবে আমাদের পরিবেশ ও জীববৈচিত্র্যকে রূপান্তরিত করেছে...

##########V/O##########

byte pm twice

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

****************************

**GST REFORMS:**

এই স্বাধীনতা দিবসের ভাষণে  লাল কেল্লার প্রাকার থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কারের ঘোষণা করেন। চলতি মাসের  ৩ তারিখে, জিএসটি কাউন্সিলের সিদ্ধান্ত সেই ঘোষণা বাস্তবায়নের এক বড়ো পদক্ষেপ ছিল ।আজ, আমরা এমন কিছু পণ্যের  দিকে নজর দেব যেগুলিতে জিএসটি ১২ শতাংশ থেকে ৫ শতাংশে কমিয়ে আনা হয়েছে।

##########V/O##########

****************************

**Subrata Mukharjee Cup:**

নয়াদিল্লীতে সুব্রত মুখার্জি কাপ ফুটবলের অনূর্ধ্ব ১৭ বছরের বালক বিভাগের দ্বিতীয় খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল জয়লাভ করেছে। আজ অনুষ্ঠিত গ্রুপের দ্বিতীয় খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুলকে ৬-0 গোলে সৈনিক স্কুলকে হারিয়ে দেয়। রাজ্যদলের বংলাল রিল হালাম হ্যাটট্রিক সহ একাই পাঁচটি গোল করে।

****************************

**Weather:**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস।

****************************

****************************